

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-শৃংখলা-১/১-৯৯/২০০৭/ ৪৯৩

তারিখ : ২০.০৫.২০১১

আদেশ


যেহেতু, ডাঃ এ এম এম শরীফুল আলম (কোড নং-৩১৪৩০), প্রাক্তন অধ্যাপক, রেডিয়েশন অনকোলজি, শেরে বাংলা মেডিকেল কলেজ, বরিশাল (প্রাক্তন প্রকল্প পরিচালক কাম অধ্যাপক, রেডিয়েশন অনকোলজি, জাতীয় ক্যান্সার গবেষণা ইনস্টিটিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকা)-এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩ (বি) ও (ডি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'দুর্নীতি'র দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন ও তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদনে আনীত ০৯টি অভিযোগের মধ্যে মাত্র কর্তব্যে অবহেলার দুইটি অভিযোগ প্রমাণিত বলে উল্লেখ করা হয়, যদিও তার একটি সম্পূর্ণভাবে প্রতিষ্ঠিত হয়নি;

এক্ষণে, যেহেতু, ডাঃ এ এম এম শরীফুল আলম (কোড নং-৩১৪৩০), প্রাক্তন অধ্যাপক, রেডিয়েশন অনকোলজি, শেরে বাংলা মেডিকেল কলেজ, বরিশাল (প্রাক্তন প্রকল্প পরিচালক কাম অধ্যাপক, রেডিয়েশন অনকোলজি, জাতীয় ক্যান্সার গবেষণা ইনস্টিটিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকা) এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, গুণানিকালে প্রদত্ত বক্তব্য, তদন্ত প্রতিবেদন এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনা করে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(বি) বিধি মোতাবেক তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি গত ১৭.১২.২০০৮ তারিখ হতে পরবর্তী ০১(এক) বছরের জন্য স্থগিত করা হলো।


(মুহম্মদ হুমায়ুন কবির)
সচিব

উপ-নিয়ন্ত্রক


বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা

নং-শৃংখলা-১/১-৯৯/২০০৭/ ৪৯৩/১ (৮)

তারিখ : ২০.০৫.২০১১

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। অধ্যক্ষ, শেরে বাংলা মেডিকেল কলেজ, বরিশাল
- ৩। পরিচালক (প্রশাসন/এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৪। উপ-সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
- ৬। বিভাগীয় হিসাবনিয়ন্ত্রক, বরিশাল বিভাগ, বরিশাল
- ৭। প্রোগ্রামার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
- ৮। ডাঃ এ এম এম শরীফুল আলম (কোড নং-৩১৪৩০), অধ্যাপক, রেডিয়েশন অনকোলজি, শেরে বাংলা মেডিকেল কলেজ, বরিশাল


(মোঃ সাহিদুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৭১৭২২৫২

sasdisc1@mohfw.gov.bd